

শিক্ষক নিয়োগের দাবিতে কুবির ফার্মেসি বিভাগের ক্লাস- পরীক্ষা বর্জন

কুবি প্রতিনিধি

প্রকাশ : ১৬ জুলাই ২০২৫, ২১:২৬



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগে শিক্ষক সংকটের কারণে অনির্দিষ্টকালের জন্য ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছেন শিক্ষার্থীরা। তাদের একদফা দাবি হলো অতিদ্রুত বিভাগে পাঁচজন শিক্ষক নিয়োগ দেওয়ার ব্যবস্থা করা।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বুধবার (১৬ জুলাই) দুপুর আড়াইটায় ফার্মেসি বিভাগের একটি কক্ষে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে প্রায় শতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা জানান, দীর্ঘদিন ধরে সঠিকভাবে ক্লাস ও পরীক্ষা পরিচালিত না হওয়ায় শিক্ষার্থীরা একাধিকবার লিখিতভাবে অভিযোগ জানালেও এখন পর্যন্ত কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়নি। এমন পরিস্থিতিতে শিক্ষার্থীদের শিক্ষাজীবন ও ভবিষ্যৎ মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। এই সংকট নিরসনে দ্রুত ব্যবস্থা গ্রহণের দাবি জানান তারা। ফার্মেসি বিভাগের সকল শিক্ষার্থী এই দাবির সাথে একাত্মতা পোষণ করেন।

ফার্মেসি সোসাইটির সাধারণ সম্পাদক ইয়াছিন আহমেদ হিমু বলেন, আমাদের এক দফা দাবিটি হলো অবিলম্বে বিভাগে অন্তত ৫ জন শিক্ষক নিয়োগ দিতে হবে আমাদের দাবি আদায় না পর্যন্ত নির্দিষ্টকালের জন্য ক্লাস ও পরীক্ষা বর্জন করা হলো। তবে সেমিস্টার ফাইনাল ও ভাইবা এর আওতামুক্ত থাকবে।

তিনি আরও জানান, আগামী রবিবারের মধ্যে কোনো সন্তোষজনক সিদ্ধান্ত না এলে, সোমবার থেকে ভিসি দপ্তর ও সায়েন্স ফ্যাকাল্টির ডিন অফিসে তালা ঝুলিয়ে দেওয়া হবে। আমাদের এই দাবি শুধুমাত্র শিক্ষার্থীদের ন্যায্য অধিকার রক্ষার জন্য, যা দেশের উচ্চশিক্ষা ও মানসম্পন্ন ফার্মাসিউটিক্যাল শিক্ষা নিশ্চিত করার জন্য অপরিহার্য।

উল্লেখ্য, এর আগেও বিভাগের শিক্ষার্থীরা মানববন্ধন করেছেন এবং উপাচার্যের কাছে স্মারকলিপি প্রদান করেছেন।